



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শোকাদর্শ আগস্টের কর্মসূচির অংশ হিসেবে শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১০ আগস্ট ২০২৩।

মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাসব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) ০৯ আগস্ট ২০২৩ তারিখ 'বঙ্গবন্ধুর লেখক সত্তা' শিরোনামে রচনা প্রতিযোগিতা ও ১০ আগস্ট ২০২৩ তারিখ বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ, বাংলাদেশসহ নানা বিষয় নিয়ে কুইজ প্রতিযোগিতার আয়োজন করে। ১০ আগস্ট ২০২৩ তারিখ দুপুর ১২ টায় প্রতিযোগিতা স্থল পরিদর্শন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যোতির্ময় বিশ্বাস, প্রক্টর ড. খোরশেদ আলম, প্রতিযোগিতা আয়োজক কমিটির সদস্য-সচিব এবং বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক সঞ্জয় কুমার সরকার, আয়োজক কমিটির সদস্য এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহকারী অধ্যাপক ফরহাদ উদ্দীনসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, টিএসসির কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে ২ দিনব্যাপী আয়োজিত এ রচনা ও কুইজ প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের দুই শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

০১০৮৮ ৫৯৯৯৯

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস